ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০২৩</u>
আগরতলা,৩০ জুলাই,২০২৫

**মুখ্যমন্ত্রীর সঙ্গে ত্রিপুরা টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ**



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সঙ্গে আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে ত্রিপুরা টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশনের এক প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাৎকারকালে প্রতিনিধিদলের সদস্যরা মুখ্যমন্ত্রীকে স্মারক উপহার দিয়ে শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রীর সাথে আলোচনাকালে রাজ্যের চা শিল্পের বিকাশে সরকারের গৃহীত পদক্ষেপ ও উদ্যোগসমূহ প্রাধান্য পায়। সাক্ষাৎকারের সময় ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের ম্যানেজিং ডিরেক্টর মানিকলাল দাস সহ অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান অঞ্জন দাস, সম্পাদক ভাস্কর প্রসাদ চালিহা সহ অ্যাসোসিয়েশনের অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

*****